

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 স্বরাষ্ট্র মন্ত্রণালয়
 ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
 রিফর্মস সেল
www.fireservice.gov.bd

নম্বর ৫৮.০৩.০০০০.০২০.১৫.১৬৫.১৭.১৩১

জরুরি

তারিখ ১৪ আগস্ট ১৪২৬

২৯ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের নেতৃত্বে উপকমিটির সেপ্টেম্বর-২০১৯ মাসে
অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	:	মোঃ হাবিবুর রহমান পরিচালক (প্রশাসন ও অর্থ) ও সভাপতি, নেতৃত্বে উপকমিটি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা
সভার তারিখ	:	২৬/০৯/২০১৯ খ্রি:
সময়	:	১১:০০ ঘটিকা
স্থান	:	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সম্মেলন কক্ষ
সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা	:	পরিশিষ্ট 'ক'

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর শুনাচার কর্মপরিকল্পনা
বাস্তবায়নে নেতৃত্বে উপকমিটির বিগত ২৮/০৭/২০১৯ তারিখের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি
বিস্তারিত পর্যালোচনা সাপেক্ষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রঃ	বিষয়	গৃহীত সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
১.	জনবল মঞ্জুরি	জনবল মঞ্জুরির প্রস্তাবসমূহ অধিকতর পরীক্ষা নিরীক্ষাপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। অত্যাবশ্যক জনবল বিশেষ করে অত্যাধুনিক অগ্নি নির্বাপণ ভিত্তিক্যাল, এ্যাম্বুলেন্স এর চালকসহ আনুষাঙ্গিক জনবল মঞ্জুরির গুরুত্ব বিবেচনা পর্যালোচনাপূর্বক চাহিদা নির্ধারণের জন্য নিম্নলিখিত কর্মকর্তাগণের সমন্বয়ে কমিটি গঠন করা যেতে পারে: (১) উপপরিচালক (এ্যাম্বুলেন্স)-----সভাপতি (২) সহকারী পরিচালক (প্রশিক্ষণ)-----সদস্য (৩) উপসহকারী পরিচালক, কাজী নজমুজ্জামান, ঢাকা জোন-৬--সদস্য সচিব।	উপপরিচালক (প্রশাসন ও অর্থ)

২.	নিয়োগবিধি সংশোধন	আগামী ১৫/১০/২০১৯ তারিখের মধ্যে নিয়োগ বিধিমালা সংশোধন প্রস্তাব স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।	উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
৩.	অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা, ২০১৪ সংশোধন	অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা, ২০১৪ সংশোধনের লক্ষ্যে গঠিত কমিটিকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। আগামী ১৫/১০/২০১৯ তারিখে বিধিমালা প্রণয়নের অগ্রগতি অবগত করতে হবে।	সহকারী পরিচালক (ওঃ ফাঃ প্রিঃ)
৪.	উত্তম চর্চার তালিকা প্রণয়ন	৩০/০৯/২০১৯ এর মধ্যে উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।	ডিএডি হেলাল (রিফর্ম সেল)
৫.	পরিদর্শন	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রম সূচারূপাবে সম্পন্নকরণের জন্য অধিদপ্তরের বিভিন্ন শাখাসহ মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন/ আকস্মিক পরিদর্শন ও ঢাকা শহরের জোন প্রধানদের মাধ্যমে তাঁর আওতাধীন ঝুঁকিপূর্ণ এলাকায় নিরীক্ষণপূর্বক প্রতি সপ্তাহে কমপক্ষে একটি ভলান্টিয়ার ডেভেলপমেন্ট কোর্স পরিচালনা করে প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল
৬.	পদক প্রদান নীতিমালা প্রণয়ন	সাহসিকতা ও ঝুঁকিপূর্ণ কাজের জন্য “পদক প্রদান নীতিমালা (বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর) -২০১৯” চূড়ান্ত করে ১৫/১০/২০১৯ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	উপপরিচালক (প্রশাঃ ও অর্থ)
৭.	ওয়েবসাইট ও সিটিজেন চার্টার হালনাগাদকরণ	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ওয়েবসাইট ও সিটিজেন চার্টারে সংযোজিত বিভিন্ন তথ্যসমূহ নিয়মিত হালনাগাদ রাখতে হবে।	ডিএ ডি হেলাল ও আইসিটি সেল
৮.	ডিজিটাল আর্কিটেকচার ও ডেজিগনেটেড অফিসার নিয়োগ	নির্ধারিত সময়ের মধ্যে বাংলাদেশ জাতীয় ডিজিটাল আর্কিটেকচার-এর ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং “ডেজিগনেটেড অফিসার” নিয়োগ এবং ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করতে হবে।	এসএসও হিরন
৯.	সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ	অত্র অধিদপ্তর কর্তৃক প্রদত্ত বিভিন্ন সেবা সম্পর্কে মতামত প্রদানের জন্য ওয়েবসাইটের মেনুবারে সুযোগ রাখতে হবে এবং নিয়মিত মতামত পরিবীক্ষণ করতে হবে।	সহকারী পরিচালক (পরি: কোষ)
১০.	ই-টেন্ডার কার্যক্রম বাস্তবায়ন	ই-টেন্ডারের মাধ্যমে ক্রয়কার্য সম্পাদন উপযোগী সকল ক্রয়কার্য ই-টেন্ডারের মাধ্যমে সম্পন্নকরণ নিশ্চিত করতে হবে। নির্ধারিত সীমার বাইরে কোটেশনের মাধ্যমে ক্রয় করা যাবেনা। পিপিএ ২০০৬-এর ধারা ১১ (২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬ (৬) অনুযায়ী ৩০/০৮/২০২০ এর মধ্যে প্রকল্পসহ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ২০১৯-২০ অর্থবছরের ক্রয় কার্যক্রম নিশ্চিত করতে হবে।	ডিডি (পরিকল্পনা কোষ) ও এডি (ক্রয় ও স্টের)
১১.	ডুরুরি ইউনিট সম্প্রসারণ প্রকল্পের কার্যক্রম সম্পন্নকরণ	সক্ষমতা বৃদ্ধিকল্পে ডুরুরি ইউনিট সম্প্রসারণ প্রকল্পের কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্নকরণ নিশ্চিতকরণ করতে হবে।	উপপরিচালক (পরি: কোষ)

১২.	কর্মকর্তা-কর্মচারীদের সচেতনতা বৃদ্ধি মূলক সভা/ প্রশিক্ষণ প্রদান	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে অভ্যন্তরীণ সকল প্রশিক্ষণে জাতীয় শুন্দাচার কৌশল, ইনোভেশন; বেস্ট প্রেকটিস হ অন্যান্য সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ এবং নিয়মিত উপস্থিতি বিধিমালা ১৯৮২; সরকারি কর্মচারি আচারণ বিধিমালা- ১৯৭৯; সচিবালয় নির্দেশমালা- ২০১৪; তথ্য অধিকার আইন- ২০০৯; জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন- ২০১১ এবং জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) বিধিমালা-২০১৭-সহ অন্যান্য চাকরি সংক্রান্ত বিভিন্ন বিষয়ে নিয়মিত প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে।	অধ্যক্ষ ট্রেনিং কমপ্লেক্স) ও সহকারী পরিচালক (প্রশিক্ষণ)
১৩.	“এ্যাম্বুলেন্স সেবা সম্প্রসারণ প্রকল্প” ফেইজ-২ ডিপিপি চূড়ান্তকরণ	এ্যাম্বুলেন্স সেবা সম্প্রসারণের লক্ষ্যে ৩১/১২/২০১৯ তারিখের মধ্যে “এ্যাম্বুলেন্স সেবা সম্প্রসারণ প্রকল্প” ফেইজ-২ এর ডিপিপি চূড়ান্তকরণ নিশ্চিত করতে হবে।	সহকারী পরিচালক (পরি: কোষ)
১৪.	নথির শ্রেণি বিন্যাসকরণ	অধিদপ্তরসহ সকল দণ্ডের নথিসমূহ সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী শ্রেণি বিন্যাস করে প্রত্যেক দণ্ডের তালিকা নিয়মিত হালনাগাদ রাখতে হবে। তাছাড়া অধিদপ্তরের নথি বিনষ্টকরণের লক্ষ্যে নিম্নোল্লিখিত কর্মকর্তাগণের সমন্বয়ে কমিটি গঠন করা হলো: (১) সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ)-----সভাপতি (২) উপসহকারী পরিচালক (রিফর্ম সেল-১)--সদস্য সচিব (৩) সিনিয়র স্টেশন অফিসার, (রিফর্ম সেল) -----সদস্য (৪) সুপার, (প্রশাসন) -----সদস্য।	ডিডি, এডি ও ডিএডি (সকল)

সভায় অন্য কোন আলোচনা না থাকায় গৃহীত সিদ্ধান্তসমূহ অধিনস্ত সকলের অবগতি ও সুচারূপভাবে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

৩০-৯-২০১৯

মো: হাবিবুর রহমান
পরিচালক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (প্রশাসন ও অর্থ)/(অপারেশন ও মেইনটেনেন্স)/(পরিকল্পনা, উন্নয়ন ও প্রশিক্ষণ)/(প্রকল্প-১৫৬)/(প্রকল্প-২৫ সংশোধিত-৪৬)/(মডার্ণাইজেশন প্রকল্প)/(১১ মডার্ন প্রকল্প) / (ডুরুরি ইউনিট সম্প্রসারণ প্রকল্প) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ২) উপপরিচালক (প্রশাসন ও অর্থ)/(অপারেশন ও মেইন)/(উন্নয়ন)/(পরিকল্পনা কোষ)/(এ্যাম্বুলেন্স), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

- ৩) অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
- ৪) উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/ রাজশাহী/ চট্টগ্রাম/ রংপুর/ খুলনা/ বরিশাল/ সিলেট/ ময়মনসিংহ বিভাগ।
- ৫) সহকারী পরিচালক (প্রশাঃ ও অর্থ)/ (ওঃ ফাঃ প্রিঃ)/ (ক্রয় ও স্টোর)/ (অপারেশন)/ (উন্নয়ন)/ (প্রশিক্ষণ)/ (পরিকল্পনা কোষ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ৬) সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা।
- ৭) সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর। [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৮) উপসহকারী পরিচালক , রিফর্ম সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ৯) উপসহকারী পরিচালক,ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা (সকল)।
- ১০) উপসহকারী পরিচালক, ফায়ার সেফটি সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
- ১১) ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ১২) সিনিয়র স্টেশন অফিসার, রিফর্ম সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা
- ১৩) স্টোর অফিসার, ক্রয় ও স্টোর শাখা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ১৪) সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, সিদ্ধিকবাজার, ঢাকা।
- ১৫) ভারপ্রাপ্ত কর্মকর্তা, মিডিয়া সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ১৬) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের জন্য)।